

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
হোসেনপুর, কিশোরগঞ্জ।

স্মারক নং- ৫২১

তারিখ- ১৯/১০/২০২৩ খ্রি.

## নোটিশ

প্রাপকঃ.....সভাপতি/সম্পাদক।  
..... সমবায় সমিতি লিঃ।

**বিষয়ঃ ৫২ তম জাতীয় সমবায় দিবস/২০২৩ খ্রি. উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

প্রতি বছরের মত এবারও সারাদেশে ০৪ নভেম্বর/২০২৩ খ্রি. মাসের প্রথম শনিবার যথাযোগ্য মর্যাদায় জাতীয় সমবায় দিবস উদযাপিত হতে যাচ্ছে। এতদুদ্দেশ্যে ৪ নভেম্বর ২০২৩ খ্রি রোজ শনিবার অত্র উপজেলায় ৫২ তম জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষে অত্র উপজেলার সমবায়ীদের সমন্বয়ে প্রস্তুতি মূলক সভা আগামী ২৬/১০/২০২৩ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অনুষ্ঠিত হইবে।

উক্ত প্রস্তুতিমূলক সভায় নির্ধারিত সময়ে উপস্থিত হইয়া সমবায় দিবসকে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সহযোগিতা,সহায়তা ও পরামর্শ প্রদান করিতে আপনাকে/আপনাদেরকে বিশেষ ভাবে অনুরোধ করা হইল।

ধন্যবাদান্তে



মোঃ শফিকুল ইসলাম  
উপজেলা সমবায় অপফিসার  
হোসেনপুর, কিশোরগঞ্জ।